

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৫৮: মহিলা কর্তৃক রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর ক্ববর যিয়ারত এবং অন্যের ক্ববর যিয়ারতের মধ্যে কি কোন পার্থক্য আছে? মহিলা কর্তৃক ক্ববর যিয়ারতের নিষেধাজ্ঞা কি 'আম বা সার্বিক বিধান নাকি রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর ক্ববর এই হুকুম থেকে আলাদা?

মহিলা কর্তৃক বিশেষভাবে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর কবর যিয়ারতের বৈধতার পক্ষে কোনো দলীল নেই। সুতরাং মহিলা কর্তৃক রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর কবর যিয়ারত অন্য যে কোনো ব্যক্তির কবর যিয়ারতের মতই। একারণে আল্লাহ্র শুকরিয়া যে, মহিলা ছালাতে অথবা ছালাতের বাইরে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর প্রতি সালাম প্রদান করলেই তার জন্য যথেষ্ট হবে। কেননা সে পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে সালাম প্রদান করুক না কেন, তার সালাম রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম–এর রহ বরাবর পৌঁছে দেওয়া হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1715

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন